দৈনিক জনকণ্ঠ

DEC. 25 1999

তারিখ ... ... ... DEC ... 1999
পৃষ্ঠা 2 কলাম 5 ....

33

# রাজধানীর সরকারী স্কুল ॥ ৭ হাজার আসনের জন্য ৩৫ হাজার ফরম বিক্রি ॥ ভর্তি পরীক্ষা শুরু রবিবার

জনকণ্ঠ রিপোর্ট

রাজধানীর ২৪টি সরকারী স্কুলের সাত হাজার আসনের জন্য ৩৫ হাজারের বেশি ভর্তি ফরম বিক্রি হয়েছে। আগামী ২৬, ২৭, ২৮ ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সরকারী স্কুলগুলোতে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি ফরম বিতরণ শুরু হয় গত ১৮ ডিসেম্বর। ৬ দিন পর্যন্ত এ ফরম বিতরণ করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক অলিউর রহমান জানান, এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী সর্বাধিক ভর্তি ফরম বিক্রি হয়েছে গভঃ ল্যাবরেটরি স্কুলের।

প্রথম শ্রেণীর ২৪০টি আসনের জন্য ফরম বিক্রি হয়েছে আড়াই সহস্রাধিক। গত বছর সরকারী স্কুলগুলোর পাঁচ হাজার আসনের জন্য ফরম বিক্রি হয়েছিল ৩০ হাজার। এ বছর যেমন আসন বেড়েছে তেমনি ভর্তি ফরমও বেশি বিক্রি হলো। ভর্তি প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য ২৪টি স্কুলকে তিনটি গ্রুপে বিভক্ত করা হয়েছে। প্রতি গ্রুপে ৮টি করে স্কুল রাখা হয়েছে। এর মধ্যে 'এ', 'বি' ও 'সি' গ্রুপের পরীক্ষা যথাক্রমে ২৬, ২৭ ও ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। নিচে তিনটি গ্রুপভুক্ত স্কুলের নাম ও শূন্য আসনের সংখ্যা দেয়া হলো। গ্রুপ 'এ'ভুক্ত স্কুলগুলোর মধ্যে গভঃ ল্যাবরেটরি হাইস্কুলে ২৬৪, মিরপুর উচ্চ বিদ্যালয়ে ৪২২, মতিঝিল বালিকা বিদ্যালয়ে ১৪৫, খিলগাঁও উচ্চ বিদ্যালয়ে ১২২, নবাবপুর উচ্চ বিদ্যালয়ে ২৮৮, নিউ গভঃ গার্লস স্কুলে ২০০, ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ে ১২০ এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ে ১২০টি আসন শূন্য রয়েছে। গ্রুপ 'বি'ভুক্ত মতিঝিল বালক উচ্চ বিদ্যালয়ে ৩০০, গভঃ মুসলিম স্কুলে ২০২, বাংলাবাজার বালিকা বিদ্যালয়ে ১৪৫, শেরেবাংলা নগর বালক বিদ্যালয়ে ৩৬৮, বিজ্ঞান কলেজে (স্কুল শাখা) ৫২৯, ধানমণ্ডি বালিকা বিদ্যালয়ে ২১৫, নারিন্দা উচ্চ বিদ্যালয়ে ৪৫৮, আরমানিটোলা উচ্চ বিদ্যালয়ে, ২৭৩টি আসন শূন্য রয়েছে। গ্রুপ 'সি'র ধানমণ্ডি বালক উচ্চ বিদ্যালয়ে ৪২১, শেরে বাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়ে ২৩৪, কলেজিয়েট স্কুলে ৪০৪, কামরুন্নেসা বালিকা বিদ্যালয়ে ৩১৭, কামরুন্নেসা সরকারী উচ্চ বিদ্যালয়ে ৩০০, তেজগাঁও বালিকা বিদ্যালয়ে ৩৮৩, তেজগাঁও বালক উচ্চ বিদ্যালয়ে ২৬০ ও গণভবন উচ্চ বিদ্যালয়ে ৫০৩ টি আসন শূন্য রয়েছে। চলতি বছর প্রতিটি সরকারী-বেসরকারী স্কুলে ষষ্ঠ শ্রেণীর মোট আসন সংখ্যা শতকরা ১০ ভাগ সরকারী নীতিমালা অনুসারে স্বতন্ত্র প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণী পাস করা ছাত্রছাত্রীদের মধ্য থেকে পূরণ করতে হবে।

এ বছর প্রথম থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রেই উত্তর দিতে হবে। চতুর্থ থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা রচনামূলক। উত্তরপত্র স্কুল থেকে সরবরাহ করা হবে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষা হবে দু'টি বিষয়ে। মোট ১০০ নম্বরের। বাংলায় ৫০ ও গণিতে ৫০। তৃতীয় থেকে নবম শ্রেণী পর্যন্ত পরীক্ষা হবে তিনটি বিষয়ে। মোট নম্বর ১০০। এরমধ্যে বাংলায় ৩০, ইংরেজীতে ৩০ ও গণিতে ৪০। প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা, ৬ষ্ঠ থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা বেলা দেড়টা থেকে বিকাল সাড়ে ৩টা। ভর্তি পরীক্ষার পর তিনদিনের মধ্যে ফল প্রকাশ করা হবে।